

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৩.৪১.১৩৬.১৭-১৭৮

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৬

০৩ জুন ২০১৯

বিষয়: বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক কর্তৃক অতিরিক্ত আদায়কৃত অর্থ ফেরৎ প্রদান প্রসঙ্গে

সূত্র: (১) দুর্নীতি দমন কমিশন, ঢাকা-এর স্মারক নং ০০.০১.৯১০০.৬৬২.০১.০৫০.১৭-৪৩৬৪,

তারিখ: ০৭/০২/২০১৯

(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫২১.২৭.০০১.১৮-১৭৯, তারিখ:

১৫/০৪/২০১৯

উর্পযুক্ত বিষয় ও সূত্রবর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, দুর্নীতি দমন কমিশন, ঢাকা-এর তদন্ত প্রতিবেদনে সূত্রস্থ ০১ নং স্মারকে নিম্নোক্ত ০৯টি শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে ২০১৮ সালের এস.এস.সি. পরীক্ষার্থীদের নিকট হতে পরীক্ষার ফরম পুরন বাবদ নির্ধারিত বোর্ড ফি ও কেন্দ্র ফি'র অতিরিক্ত অর্থ আদায়ের সত্যতা পাওয়া যায়।

(১)	পাঠানটুলী দ্বি পাক্ষিক উচ্চ বিদ্যালয়, সদর, সিলেট।
(২)	সিটি মডেল স্কুল, সদর, সিলেট।
(৩)	দিশারী স্কুল এন্ড কলেজ, সদর, সিলেট।
(৪)	সিরাজ উদ্দিন আহমদ একাডেমী, সদর, সিলেট।
(৫)	রণকেলী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, সদর, সিলেট।
(৬)	আতহারিয়া উচ্চ বিদ্যালয়, সদর, সিলেট।
(৭)	সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয়, সদর, সিলেট।
(৮)	দি এইডেড হাই স্কুল, সদর, সিলেট।
(৯)	মঈনুন্নেছা বালিকা উচ্চ বিদ্যালয়, সদর, সিলেট।

০২। উপরোক্ত সূত্রস্থ ২ নং স্মারকে নিম্নোক্ত ০৬ (ছয়)টি শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন কর্তৃক উল্লিখিত অভিযোগ প্রমাণিত না হওয়ায় কমিশন কর্তৃক পরিসমাপ্তির সিদ্ধান্ত গৃহীত হয়।

(১)	পাঠানটুলী দ্বি পাক্ষিক উচ্চ বিদ্যালয়, সদর, সিলেট।
(২)	সিটি মডেল স্কুল, সদর, সিলেট।
(৩)	দিশারী স্কুল এন্ড কলেজ, সদর, সিলেট।
(৪)	সিরাজ উদ্দিন আহমদ একাডেমী, সদর, সিলেট।
(৫)	রণকেলী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, সদর, সিলেট।
(৬)	আতহারিয়া উচ্চ বিদ্যালয়, সদর, সিলেট।

০৩। বর্ণিতাবস্থায়, উপরোক্ত ০৯টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ০৬টি শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে ২০১৮ সালের এস.এস.সি. পরীক্ষার্থীদের নিকট হতে ফরম পুরন বাবদ বোর্ড ফি ও কেন্দ্র ফি'র অতিরিক্ত অর্থ আদায়ের বিষয়টি দুর্নীতি দমন কমিশন কর্তৃক উল্লিখিত অভিযোগ প্রমাণিত না হওয়ায় কমিশন কর্তৃক পরিসমাপ্তির সিদ্ধান্ত

গৃহীত হওয়ায় শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের অবহিত করা যেতে পারে। একই সাথে অবশিষ্ট ০৩ (তিন) টি শিক্ষা প্রতিষ্ঠান যথা: (১) সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয়, সদর, সিলেট (২) দি এইডেড হাই স্কুল, সদর, সিলেট (৩) মঈনুল্লাহা বালিকা উচ্চ বিদ্যালয়, সদর, সিলেট কর্তৃক ২০১৮ সালের এস.এস.সি. পরীক্ষার্থীদের নিকট হতে পরীক্ষার ফরম পূরণ বাবদ নির্ধারিত বোর্ড ফি ও কেন্দ্র ফি'র অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের অর্থ ফেরত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশ দেয়া হলো।

০৪। পরবর্তীতে কোন শিক্ষা প্রতিষ্ঠান এ ধরনের অতিরিক্ত ফি গ্রহণ করলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



৩-৬-২০১৯

অসীম কুমার কর্মকার

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭০৬৭২

ইমেইল: as.sec3@moedu.gov.bd

চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,  
সিলেট

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৩.৪১.১৩৬.১৭-১৭৮/১(৪)

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৬  
০৩ জুন ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সচিব এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৩-৬-২০১৯

অসীম কুমার কর্মকার

সিনিয়র সহকারী সচিব